

■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৫৫০

৮৯/ ক্রীতদাস আয়াদ করা (كتاب العتق)

পরিচ্ছেদঃ ৮৯/১৭. দাসদের মারধোর করা এবং আমার ক্রীতদাস ও আমার বাঁদী একুপ বলা মাকরাহ।

بَابِ كَرَاهِيَّةِ التَّطَوُّلِ عَلَى الرَّقِيقِ وَقَوْلِهِ عَبْدِيٌّ أَوْ أَمْتَيٌ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَىٰ عَنْ عُبَيْدِ اللَّهِ حَدَّثَنِي نَافِعٌ عَنْ عَبْدِ اللَّهِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا نَصَحَ الْعَبْدُ سَيِّدُهُ وَأَحْسَنَ عِبَادَةَ رَبِّهِ كَانَ لَهُ أَجْرٌ مَرْتَبَتَيْنِ

বাংলা

وَقَالَ اللَّهُ تَعَالَى (وَالصَّالِحِينَ مِنْ عِبَادِكُمْ وَإِمَائِكُمْ) وَقَالَ (عَبْدًا مَمْلُوكًا) (وَأَلْفَيَا سَيِّدَهَا لَدَى الْبَابِ) وَقَالَ (مِنْ فَتَيَاتِكُمُ الْمُؤْمِنَاتِ) وَقَالَ النَّبِيُّ قُومُوا إِلَى سَيِّدِكُمْ وَ (اذْكُرْنِي عِنْدَ رَبِّكَ) عِنْدَ سَيِّدِكَ وَمَنْ سَيِّدُكُمْ

আল্লাহ তা'আলার বাণীঃ “এবং তোমাদের ক্রীতদাস বাঁদীদের মধ্যে যারা সৎ” (আন-নূর ৩২)। তিনি আরো বলেনঃ “অপরের অধিকারভুক্ত এক ক্রীতদাসের” (নাহল (১৬) : ৭৫)। “তারা স্ত্রী লোকটির স্বামীকে দরজার কাছে পেল”- (ইউসুফ (১২) : ২৫)। আল্লাহ তা'আলা আরো বলেন, “তোমাদের ঈমানদার বাঁদীদের” (আন-নিসা (৪) : ২৫)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা তোমাদের নেতার জন্য দাঁড়িয়ে যাও। “এবং তোমার প্রভুর নিকট আমার কথা বলবে”- (ইউসুফ (১২) : ৪২)। অর্থাৎ, তোমার মনিবের নিকট।

২৫৫০. ‘আবদুল্লাহ ইবনু ‘উমার (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ক্রীতদাস যদি স্বীয় মনিবের হিতাকাঙ্ক্ষী হয় এবং আপন প্রতিপালকের উত্তম ‘ইবাদত করে, তাহলে তার পুণ্য হবে দ্বিগুণ। (২৫৪৬) (আধুনিক প্রকাশনীঃ ২৩৬৫, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৩৮২)

English

Narrated `Abdullah:

The Prophet (ﷺ) said, "If a slave serves his Saiyid (i.e. master) sincerely and worships his Lord (Allah) perfectly, he will get a double reward."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=26627>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন